

শক্তিশালী পাসপোর্টের সূচকে একধাপ এগিয়েছে বাংলাদেশ

- A Monitor Desk Report

Date: 12 January, 2024



শক্তিশালী পাসপোর্ট সূচকে গত বছরের তুলনায় উন্নতি হয়েছে বাংলাদেশের। গত বছর এই সূচকে বাংলাদেশ ছিল ৯৮তম অবস্থানে। এবার এক ধাপ এগিয়ে ৯৭তম অবস্থানে উঠেছে। এবারের তালিকায় বাংলাদেশের সঙ্গে একই অবস্থানে আছে উত্তর কোরিয়াও।

যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান হেনলি অ্যান্ড পার্টনার্স প্রকাশিত সূচকে এসব তথ্য জানা গেছে। হেনলি অ্যান্ড পার্টনার্সের ওয়েবসাইটে সূচকটি প্রকাশ করা হয়েছে।

সূচকে প্রকাশ করা তথ্য বলছে, এখন বাংলাদেশের পাসপোর্টধারী ব্যক্তির আগাম ভিসা ছাড়া বিশ্বের ৪২টি দেশে ভ্রমণ করতে পারেন। গত বছর বাংলাদেশের পাসপোর্টধারী ব্যক্তির আগাম ভিসা ছাড়া ৪০টি দেশে ভ্রমণ করতে পারতেন। ওই সময় সূচকে বাংলাদেশের সঙ্গে একই অবস্থানে ছিল লিবিয়া ও উত্তর কোরিয়া।

এবারের সূচকে বাংলাদেশের ঠিক আগে ৯৬তম অবস্থানে রয়েছে শ্রীলঙ্কা। আর পরের ৯৮তম অবস্থানে রয়েছে তিনটি দেশ—নেপাল, লিবিয়া ও ফিলিস্তিন। এবারের সূচকে ভারতের অবস্থান ৮০তম। ভারতীয় পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ৬২টি দেশে ভ্রমণ করতে পারেন।

এ বছরের সূচকে সবচেয়ে শক্তিশালী পাসপোর্ট ছয়টি দেশের। দেশগুলো হলো- ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, সিঙ্গাপুর ও স্পেন। দেশগুলোর পাসপোর্টধারীরা ১৯৪টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন। গত বছরের সূচকে এককভাবে শীর্ষে ছিল সিঙ্গাপুর।

গত বছরের সূচকে দ্বিতীয় অবস্থানে ছিল জাপান। এবারের সূচকে ফিনল্যান্ড, দক্ষিণ কোরিয়া ও সুইডেন এই অবস্থানে আছে। এসব দেশের পাসপোর্টধারীরা ১৯৩টি দেশে আগাম ভিসা ছাড়া ভ্রমণ করতে পারেন।

শক্তিশালী পাসপোর্টের সূচকে এ বছর সবার নিচে আফগানিস্তানের (১০৪তম) অবস্থান। আফগান পাসপোর্টধারীরা আগাম ভিসা ছাড়া ২৮টি দেশে ভ্রমণ করতে পারেন। সূচকে আফগানিস্তানের ওপরে রয়েছে সিরিয়া (১০৩তম), ইরাক (১০২তম) ও পাকিস্তান (১০১তম)।

যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম সিএনএনের এক প্রতিবেদনে বলা হয়েছে, কোনো দেশের পাসপোর্ট দিয়ে আগাম ভিসা ছাড়া কিংবা ভিসামুক্ত সুবিধা নিয়ে কতটি দেশে যাওয়া যায়, তার ওপর ভিত্তি করে শক্তিশালী পাসপোর্টের এ সূচক তৈরি করে দ্য হেনলি অ্যান্ড পার্টনার্স। সূচক তৈরিতে আন্তর্জাতিক আকাশ পরিবহন কর্তৃপক্ষের (আইএটিএ) তথ্য ব্যবহার করা হয়।

-B